গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর

ডিপিডিসি'র সেপ্টেম্বর, ২০২২ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৮/০৯/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.১৫ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা (Zoom)। |
| উপস্থিতি | ডিপিডিসি’র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২২-২৩ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত আগস্ট ২০২২ খ্রি. মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভা পর্যালোচনা করে প্রায় সকল আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**আলোচ্যসূচি-০১: সিস্টেম লস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভাকে অবহিত করা হয় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ডিপিডিসি'র জন্য Overall সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা ৭.০৫ নির্ধারণ করা হয়। তৎপ্রেক্ষিতে জুলাই-২২ মাসের APA প্রদত্ত সিস্টেম লস সূচকে তেজগাঁও, সাতমসজিদ, ধানমন্ডি, জিগাতলা, শেরেবাংলাসহ বেশ কয়েকটি এনওসিএস এর সিস্টেম লস ডিপিডিসি’র জন্য প্রযোজ্য লক্ষমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিস্টেম লস কমানোর জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার বিষয়ে উল্লেখ করা হয়। ২০২২-২৩ খ্রি: অর্থ বছরের Overall সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য বছরের প্রথম থেকেই সকল এনওসিএসকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ক) APA ২০২২-২৩ এ সিস্টেম লস এর নতুন লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্যে প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী কর্ম-পরিকল্পনা গ্রহণ করবেন এবং তার অধিনস্থ কর্মকর্তা কর্মচারীদের নিয়ে নিয়মিত মিটিং করবেন। সিস্টেম লস নির্ধারিত সীমার মধ্যে রাখার জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br>খ) সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল এনওসিএস এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিয়মিত ফিল্ড ভিজিট করবেন এবং মনিটরিং করবেন।<br>গ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার (রাতে অটো গ্যারেজ এর হুকিং) প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি’র ম্যাজিস্ট্রেট আদালত ও স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। সান্ধ্যকালীন ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়ার সময় পুলিশ প্রশাসন এর সহায়তা নিতে হবে।<br>ঘ) সকল এনওসিএসকে ফিডার ও ক্যাটাগরি (বিশেষ করে আবাসিক গ্রাহক) ভিত্তিক সিস্টেম লস বৃদ্ধির কারণ শনাক্ত করে আবাসিক গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ চুরি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিবএবেল**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জানানো হয় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ডিপিডিসি’র জন্য Overall CB Ratio এর লক্ষ্যমাত্রা ৯৯ নির্ধারণ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রায় অধিকাংশ এনওসিএস এর CB Ratio এর লক্ষমাত্রা অর্জিত হয়নি। চলতি অর্থ বছরে প্রদত্ত সূচক এর লক্ষ্যমাত্রা অনেক চ্যালেঞ্জিং বিধায় বছরের প্রথম থেকেই প্রতিনিয়ত স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ দিয়ে সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | ক) APA ২০২২-২৩ অর্থ বছরে CB Ratio এর নতুন লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অনেক challenging বিধায় বছরের প্রথম থেকেই তা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ কর্ম-পরিকল্পনা গ্রহণ করবেন। বিগত বছর সমূহের ন্যায় চলতি অর্থ বছরেও প্রত্যেক এনওসিএস কে বকেয়া আদায়ের জন্য স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ ও প্রতিনিয়ত টাস্কফোর্স অভিযান পরিচালনা সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সরকারি, বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানের বকেয়ার বিপরীতে সময়মত বিল পরিশোধ না করলে নোটিশ দিয়ে লাইন কেটে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) সিটি কর্পোরেশন এর স্ট্রিট লাইটের বিল মিটারিং এর আওতায় নিয়ে আসতে হবে। সে লক্ষ্যে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে মিটার সরবরাহের জন্য সিটি কর্পোরেশন এর উপর্যুক্ত কর্তৃপক্ষ বরাবর চিঠি দিতে হবে। সিটি কর্পোরেশন মিটার সরবরাহ করতে অনীহা প্রকাশ করলে নির্বাহী প্রকৌশলীগণকে নিজ উদ্যোগে স্ট্রীট লাইটে এর exact point এ মিটার স্থাপন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০৩: বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট বকেয়া**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত/কর্পোরেশনসমূহের নিকট হতে বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ (বিশেষ করে দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, এফডিসি, PWD, সিটি কর্পোরেশন, পুলিশ কোয়ার্টার, পুলিশ হাসপাতাল, সুপ্রিম কোর্ট, ঢাকা ইউনিভার্সিটি) এর বকেয়া আদায়ে দায়িত্বরত ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং বছরের প্রথম থেকেই বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ এর সাথে যোগাযোগ করে চিঠি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকলে প্রয়োজনে revised বাজেটে অর্থ বরাদ্দের জন্য চিঠি দিতে হবে।<br>খ) ডিপিডিসি'র আওতাধীন যে সমস্ত এলাকায় ঢাকা ওয়াসার দীর্ঘ দিনের বকেয়া সংক্রান্ত ডিসপুট রয়েছে সে সমস্ত ডিসপুটেড বিল নিষ্পত্তির জন্য নির্বাহী পরিচালক, অপারেশন মহোদয়ের নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ডিসপুটেড বিল শনাক্ত করে তা নিষ্পত্তির বিষয়ে যথাযথ প্রস্তাব প্রদান করবেন। ভবিষ্যতে ওয়াসার সম্পূরক বিল সংক্রান্ত জটিলতা নিরসন এর জন্য বিল ডেলিভারি দেওয়ার পূর্বেই মিটার এর রিডিং pattern ও consumption যথাযথভাবে চেক করে বিল সংশোধন পূর্বক বিল তৈরি করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, (আইসিটি)/ বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০৪: নতুন বিদ্যুৎ সংযোগ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, সকল এনওসিএস ই নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক ও এইচটি গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রদান করেছে। সকল এনওসিএস এর আওতাধীন গ্রাহকদের নতুন বিদ্যুৎ সংযোগ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ কার্যক্রম শেষ করার জন্য আইসিটি দপ্তর থেকে নির্বাহী প্রকৌশলীগণ যাতে যথাসময়ে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য reminder হিসেবে message পায় সে বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে । ডিমান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। ডিমান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করার সাপেক্ষে পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>গ) এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ যাতে নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক (LT) গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দিতে পারে সে লক্ষ্যে আইসিটি দপ্তর থেকে deadline শেষ হওয়ার ৩-৪ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী (অ:দা:) কে reminder হিসেবে message দিতে হবে।<br><br>ঘ) নির্ধারিত সময়ের মধ্যে এনওসিএস কর্তৃক বিদ্যুৎ সংযোগ প্রদান করা হলেও সভায় জিএম, আইসিটি কর্তৃক প্রদর্শিত স্লাইডে দেখা যায় যে, ১২১ টি পূর্ণাঙ্গ আবেদনের বিপরীতে কোন payment হয়নি, বিষয়টি খুবই alarming হওয়ায় payment না হওয়ার কারণটি শনাক্ত করার জন্য নির্বাহী পরিচালক, (অপারশন) মহোদয়ের নেতৃত্বে জিএম, আইসিটিকে নিয়ে একটি উচ্চ-পর্যায়ের কমিটি গঠন করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৫:</u> প্রি-পেইড মিটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী প্রি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ এর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) ২০২২-২৩ অর্থ বছরের মধ্যেই প্রি-পেইড গ্রাহকের পূর্বের পোস্ট-পেইড মিটারের প্রায় ৩৫ কোটি টাকা বকেয়া আদায়ের বিষয়ে ১৭ টি এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে ভেন্ডিং বন্ধ ও লাইন disconnect করে বকেয়া আদায়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী প্রি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক, (অপারেশন) সকল প্রতিবেদন কম্পাইল করবেন এবং পরবর্তী সভায় এর সারমর্ম উপস্থাপন করবেন (গৃহীত পদক্ষেপ সহ)। এছাড়া অনিয়মিত রিচার্জ এর বিপরীতে কী পরিমাণ পেনাল বিল করা হয়েছে ও কত টাকা আদায় করা হয়েছে সে সংক্রান্ত ০২ টি কলাম উক্ত রিপোর্টে অন্তর্ভূক্ত করতে হবে।<br>গ) কামরাঙ্গীরচর এনওসিএস এর আওতাধীন গ্রাহক আঙ্গিনায় স্থাপিত প্রি-পেইড মিটারের এলসিডি ও পাওয়ার সার্কিট নষ্ট হওয়া সত্ত্বেও গ্রাহক প্রতিনিয়ত বিদ্যুৎ ব্যবহার করে যাচ্ছে যা খুবই alarming. নষ্ট হওয়া প্রি-পেইড মিটার (কাইফা) বর্ণিত এনওসিএস এর গ্রাহক আঙ্গিনায় প্রতিস্থাপন এর জন্য সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরকে টেসিস এর প্রতিনিধি বরাবর চিঠি দিতে হবে এবং মিটার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) সকল এনওসিএস দপ্তর গ্রাহক পর্যায়ে স্থাপিত ০১ কি:ও: পিক বা তদূর্ধ্ব ক্যাপাসিটির সোলার সিস্টেমগুলো পরিদর্শন করবে। সোলার সিস্টেমে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা সঠিকায়নের জন্য গ্রাহককে চিঠি দিয়ে এ সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক, (অপারেশন) দপ্তরে পরবর্তী সমন্বয় সভার পূর্বে প্রেরণ করবে।<br>ঙ) CPR মাদার মিটারের advance (CPR এবং সকল CPC মিটারের consumption) ইউনিট এর উপর ট্রান্সফরমার লস হিসাব করে CPR (মাদার) মিটারের বিলের সঙ্গে সংযুক্ত করা সংক্রান্ত সফটওয়্যারটি ডেভেলপমেন্ট/ মডিফিকেশন সম্পন্ন করা ও তা বাস্তবায়নের পূর্বে জিএম, (আইসিটি), নির্বাহী পরিচালক, (অপারেশন) মিলে একটি আলোচনা সভা করবে।<br>চ) যে সকল ডিভিশনে প্রি-পেইড মিটার রয়েছে সে সকল ডিভিশন নিজ উদ্যোগে UCC সাপোর্ট সার্ভিস নিজস্ব জনবল দিয়ে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন ও সভাকে অবহিত করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ জিএম, আইসিটি/ ডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ প্রকল্প পরিচালক-০১/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/<br>নির্বাহী প্রকৌশলী (নির্বাহী পরিচালক, অপারেশন)/ (সকল এনওসিএস ও টাস্কফোর্স টীম এর সদস্য)। |

<u>আলোচ্যসূচি-০৬:</u> AMR

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং জানান যে, গ্রামীণ ফোনের সীম ব্যবহারে নিষেধাজ্ঞা থাকায় মডেম ব্যবহার করা যাচ্ছেনা। বিকল্প সীম হিসেবে test basis এ বাংলালিংক এর ৫০টি সীম ব্যবহার করা হচ্ছে যার ডাটা সিস্টেমে আসছে। এছাড়া সিস্টেমে ৩০৭০ টি মডেম লাগানো হয়েছে। ২২৫ টি হোল কারেন্ট মিটার আছে যা এলটি সিটি মিটার দিয়ে প্রতিস্থাপন করা গেলে উক্ত মিটারগুলোকে এএমআর সিস্টেম এর আওতায় নিয়ে আসা যাবে। সভায় তিনি আরও অবহিত করেন যে, প্রতিনিয়ত প্রচুর পরিমাণ সিঙ্গেল ও থ্রী ফেইজ মিটার মিটার টেস্টিং বেঞ্চ এ বসিয়ে টেস্ট করার কারণে বেঞ্চ গুলো নষ্ট হয়ে যাচ্ছে। ফলশ্রুতিতে টেস্টিং বেঞ্চ এর উপর চাপ কমানোর জন্য সিঙ্গেল ফেইজ মিটার এর ভোল্টেজ, কারেন্ট স্থানীয়ভাবে এনওসিএস থেকে টেস্ট করার ব্যাপারে তিনি মতামত ব্যক্ত করেন। | ক) নতুন অতিরিক্ত ১০০০ টি মডেম বিধি অনুসারে ক্রয়ের বিষয়টি revised APP ও বাজেটে অন্তর্ভূক্ত করে ক্রয় পূর্বক গ্রাহক আঙ্গিনায় স্থাপন করতে হবে। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়) যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) মিটার টেস্টিং বেঞ্চ এ এএমআর ও থ্রী ফেইজ মিটার টেস্ট এর চাপ পূর্বের তুলনায় অনেক বেশি পরিলক্ষিত হওয়ায় খোলা বাজার থেকে সরবরাহকৃত সিঙ্গেল ফেইজ মিটার এর ভোল্টেজ ও কারেন্ট এনওসিএস থেকে টেস্ট ও চেক করার জন্য মিটার টেস্টিং ল্যাব থেকে একটি স্ট্যান্ডার্ড স্যাম্পল ঠিক করে দেওয়া হবে। সেই স্যাম্পল এর সাথে মিল রেখে এনওসিএস কর্তৃক সিঙ্গেল ফেইজ মিটার এর ভোল্টেজ ও কারেন্ট টেস্ট এর বিষয়ে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় ও ০৩ এনওসিএস জোনের প্রধান প্রকৌশলীর সাথে আলোচনা করে পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে।<br>গ) AMR মিটার এর ফেইজ মিসিং (ভোল্টেজ, কারেন্ট) এর বিষয়টি প্রতিদিন সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী/ তার প্রতিনিধি ওয়েবসাইটে AMR সংক্রান্ত সফটওয়্যার থেকে চেক করবে ও দ্রুত বর্ণিত সমস্যাটি সমাধানের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং ও তার আওতাধীন দপ্তর এর সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়)/ ডিজিএম, আইসিটি (রেভিনিউ/ ডেভেলপমেন্ট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৭:</u> **লোডশেডিং**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় লোডশেডিং নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ম্যানুয়াল পদ্ধতিতে লোডশেডিং শিডিউল maintain করার পরিবর্তে এনএলডিসি থেকে বরাদ্দকৃত exact tariff point এর লোড ব্যবস্থাপনা সিস্টেমকে অটোমেশন এর আওতায় নিয়ে আসার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ডিপিডিসি'র স্ক্যাডা দপ্তর থেকে প্রদানকৃত লোডশেডিং এর allocation এর উপর নির্ভর করে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে লোডশেডিং শিডিউল সতর্কতার সাথে maintain করতে হবে এবং এনএলডিসি থেকে লোড বরাদ্দ পাওয়ার পরে ডিপিডিসি'র csms software এ সাথে সাথে interruption সংক্রান্ত তথ্যের এন্ট্রি দিতে হবে। লোডশেডিং প্রত্যাহার করা হলে সাথে লোডশেডিং প্রত্যাহারের তথ্য ডিপিডিসি'র website এ আপলোড করতে হবে।<br>খ) ম্যানুয়াল পদ্ধতিতে লোডশেডিং শিডিউল যথাযথভাবে maintain করা কস্টসাধ্য বিধায় ডিপিডিসি'তে পাওয়ার/এ্যানার্জি সঠিকভাবে assess করা ও সঠিকভাবে লোডশেডিং maintain করার জন্য যেই ট্যারিফ পয়েন্ট দিয়ে এনএলডিসি থেকে ডিপিডিসি'কে লোড বরাদ্দ দেওয়া হয় সেই ট্যারিফ পয়েন্ট এর লোড ব্যবস্থাপনা সিস্টেমকে অটোমেশন এর আওতায় নিয়ে আসার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন ও তার টীমকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা)/ সিস্টেম প্রটেকশন/ ট্যারিফ এন্ড এ্যানার্জি অডিট/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৮:</u> **নিরাপত্তা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **ক) পোস্তগোলা ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র সংলগ্ন উচ্ছেদকৃত অবৈধ স্থাপনা এলাকা দখলমুক্ত রাখা সংক্রান্তঃ** আগস্ট, ২০২২ খ্রি. মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নির্বাহী প্রকৌশলী, গ্রিড সাউথ-২, নির্বাহী প্রকৌশলী, সিভিল ডেভেলমেন্ট এবং ম্যানেজার (এইচ আর), সিকিউরিটি অপারেশনস যৌথভাবে স্থাপনা পরিদর্শন করেন। যেহেতু স্থাপনা সংলগ্ন এলাকাটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৫৪ নং ওয়ার্ড এর আওতাধীন সে কারণে ডিপিডিসি কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের সাথে কথা বলে সিটি কর্পোরেশনের মাধ্যমে সীমানা দেয়াল বরাবর অস্থায়ী ফেন্সিং করার বিষয়ে আলোচনা হয়। ওয়ার্ড কাউন্সিলর সাহেব আপাতত এই ধরনের ফেন্সিং করতে অপারগতা প্রকাশ করেন মর্মে সভাকে অবহিত করা হয়। | ক) সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং সংশ্লিষ্ট স্থাপনার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে সর্বদা সতর্ক থাকতে হবে যাতে কোন অবস্থাতেই আশে-পাশের যায়গাতে কোন অবৈধ স্থাপনা গড়ে না উঠে। | ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস পোস্তগোলা, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পোস্তগোলা তত্ত্বাবধয়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস এবং ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিড |
| **খ) শেরে বাংলা ৩৩/১১ কেভি উপকেন্দ্রের পার্শ্বে নির্মিত ময়লার ডিপো অপাসারন প্রসঙ্গেঃ** ২য় শ্রেণির কেপিআই স্থাপনা শেরেবাংলানগর ৩৩/১১ কেভি উপকেন্দ্রের সন্নিকটে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত ময়লার ডিপো অপসারনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় ময়লার ডিপোটি অপসারনের বিষয়ে ডিজি এসএসএফ এর সঙ্গে কথা হয়েছে এবং তিনি আশ্বস্ত করেছেন যে, এ ব্যাপারে এসএসএফের কোন সহায়তার প্রয়োজন হলে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। উল্লেখ্য যে, ময়লার ডিপোটি বর্তমানে অব্যবহৃত অবস্থায় আছে। | খ) কোন অবস্থাতেই যাতে ময়লার ডিপোটি ব্যবহৃত না হয় এবং নিয়মানুযায়ী অপসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | খ) ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি। |
| **গ) বিভিন্ন প্রকল্পের অধীনে নির্মিতব্য/নির্মাণাধীন স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সংক্রান্তঃ** জিটুজি, পিডিএসডিসহ ডিপিডিসিতে বিভিন্ন প্রকল্পের আওতায় অনেক নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত নির্মাণ কাজ চলাকালীন সময়ে স্থাপনা এলাকাসমূহে যাতে কোন ধরণের সন্ত্রাসী আক্রমণ, চুরি, অপহরণ ইত্যাদি ঘটনা না ঘটে সে লক্ষ্যে স্থাপনার সঠিক ঠিকানা, বিশেষ কোন ধরনের অমিমাংসিত বিষয় এবং নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ বিষয় সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে ডিজিএম (এইচ আর), সিকিউরিটি দপ্তরকে অবহিত করলে পুলিশ ও র‌্যাব ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করে নিরাপত্তা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। | গ) সকল প্রকল্প পরিচালকগণ নির্মাণাধীন/নির্মিতব্য স্থাপনাসমূহের নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট তথ্যাদি ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসিকে যথাসময়ে প্রদান করবেন। | গ) সকল প্রকল্প পরিচালক, ডিজিএম (এইচ আর), সিকিউরিটি ডিপিডিসি। |

<u>আলোচ্যসূচি-০৯:</u> ১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য সর্বোমোট ৮২৪ টি ফিডারের মধ্যে ক্রমপুঞ্জিভূত লক্ষ্যমাত্রার ৪৩% হিসেবে মোট ৩২৪ টি ফিডার অটোমেট করতে হবে। তন্মোধ্যে ৪২ ও ৫৩ টি ফিডার sas ও non sas এর মধ্যে অন্তর্ভূক্ত করে অটোমেট করা হবে। পূর্বের অর্থবছরে ২৫১ টি ফিডার অটোমেট করা হয়েছে বিধায় এ অর্থ বছরে আরও ১০৩ টি ফিডার অটোমেট করতে হবে।ইতোমধ্যে এনওসিএস এর যে সমস্ত ফিডার অটোমেটেড করা হয়েছে সে সমস্ত ফিডার এর SAIDI/SAIFI পূর্বের তুলনায় অনেকাংশে বেড়ে গিয়েছে যা সিস্টেম এর জন্য ক্ষতিকর। যে সমস্ত এনওসিএস এর অটোমেটেড ফিডার এর SAIDI/SAIFI অধিক মাত্রায় বেড়ে গিয়েছে সে সমস্ত এনওসিএস এর SAIDI/SAIFI নিয়ন্ত্রণ এর পর্যায়ে রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) SAIDI/SAIFI এর APA লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সর্বদা সচেষ্ট থাকবেন।<br>খ) প্রত্যেকটি এনওসিএস এর আওতাধীন কোন ফিডারে মাস অনুযায়ী SAIDI/SAIFI লক্ষ্যমাত্রার অধিক হয়ে গেলে তা নিয়ন্ত্রণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ পরিকল্পনা গ্রহণ করবেন এবং দ্রুত মালামাল এর requisition দিয়ে স্টোর থেকে DOFC, MCCB ইস্যু করে স্থাপন এর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>গ) ২০২২-২৩ অর্থ বছরে ক্রমপুঞ্জিভূত লক্ষ্যমাত্রার (৪৩%) হিসেবে সর্বোমোট ৩২৪ টি ১১ কেভি ফিডার অটোমেশন করতে হবে। পূর্বের অর্থ বছরে ২৫১ টি ফিডার অটোমেট করা হয়েছে বিধায় এ অর্থ বছরে আরও ১০৩ টি ফিডার অটোমেট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ/ সাউথ সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)/ সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস) |

<u>আলোচ্যসূচি-১০:</u> **ই-নথি ও পেপারলেস অফিস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট নথির ৮৫% ই-নথিতে নিষ্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ম্যানুয়াল নথি ও পেপার consumption এর তথ্য প্রতি মাসের ০৩-০৪ তারিখ এর মধ্যে সকল দপ্তরকে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মেনু বারের ম্যানুয়াল নথি ও পেপার consumption option এ গিয়ে এন্ট্রি করতে হবে।<br>খ) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল নথি ই-ফাইলিং এ নিষ্পত্তি করতে হবে। | সকল দপ্তর প্রধান |

<u>আলোচ্যসূচি-১১:</u> **স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় ম্যানেজার, আইসিটি ডি এম. কামরুল অবহিত করেন যে, নির্বাহী পরিচালক, (ফিন্যান্স) মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রজেক্ট অফিস স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম software এ incorporate করা হয়েছে। গত মাসে গ্রীড নর্থ-০২, এনওসিএস মগবাজার ও মতিঝিলে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমে কোন এন্ট্রি নেই। পরবর্তীতে অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং এর ডিজিএম, ফিন্যান্স হায়দার আলী জানান যে, ৩৬ টি এনওসিএস এর inventory report পাওয়া গিয়েছে। রিপোর্ট ভিত্তিতে ০২ টি দপ্তর (এনওসিএস আজিমপুর ও পরীবাগ) ভিজিট করা হয়েছে। সেখানে ম্যানুয়াল ও সিস্টেম লেজারে গড়মিল পাওয়া যায়। বাস্তবে মালামাল ইস্যু করলেও সিস্টেম টা আপডেট করা হচ্ছেনা। সকল দপ্তর থেকে অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এ অ্যাসেটের ডাটা এন্ট্রি করা হয়। প্রজেক্ট দপ্তর এর এখনও পর্যন্ত কোন inventory report পাওয়া যায়নি বিধায় তাদের ব্যালেন্স শূণ্য। অবিলম্বে প্রজেক্ট অফিস এর সাথে যোগাযোগ করে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমে ডাটা এন্ট্রির বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) এনওসিএস এর লোকাল স্টোরে মালামাল ইস্যুর পূর্বেই স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা এন্ট্রি দিতে হবে। এনওসিএস মতিঝিল, মগবাজার ও গ্রীড নর্থ-০২ কে তাদের শেষ মাসের লোকাল স্টোরের ডাটা অবিলম্বে সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে।<br>খ) আইসিটি দপ্তর থেকে প্রজেক্ট অফিসকে সম্প্রতি স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম software এ incorporate করার ফলে তাদের লোকাল স্টোরের inventory update করে করে এ সংক্রান্ত রিপোর্ট ডিজিএম, ফিন্যান্স (এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং) দপ্তরে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |

<u>আলোচ্যসূচি-১২:</u> **APP বাস্তবায়ন অগ্রগতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় ডি.এম কামরুল জানান যে, দপ্তর প্রধানের জন্য টোটাল ১৫২৭ টি এপিপি রয়েছে। প্রথম কোয়ার্টারে রয়েছে ৪৭৬ টি। মাত্র ৩০টি progress entry পাওয়া গিয়েছ যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। অন্যান্য সকল দপ্তরকে পরবর্তী সমন্বয় সভার পূর্বে এপিপি সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | সকল দপ্তরকে এপিপি সংক্রান্ত যাবতীয় ডাটা অবিলম্বে এপিপি সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে। | নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ জিএম (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ সকল দপ্তর প্রধান। |

**আলোচ্যসূচি-১৩: ট্রান্সফরমার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় ম্যানেজার, আইসিটি ডি এম কামরুল জানান যে, ০২ টি এনওসিএস বংশাল ও সিদ্ধিরগঞ্জ বাদে বাকি সকল এনওসিএস থেকে ট্রান্সফরমার এর ডাটা পাওয়া যায়। সকল এনওসিএসকে প্রশিক্ষণ দিয়ে অবিলম্বে ট্রান্সফরমার এর ডাটা বর্ণিত সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার কাজ শুরু করা হবে মর্মে ম্যানেজার, আইসিটি সভায় অবহিত করেন। সকল এনওসিএস এর ট্রান্সফরমার এর পূর্ণাঙ্গ ডাটা অবিলম্বে ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) এর দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | এনওসিএস বংশাল ও সিদ্ধিরগঞ্জ কে অবিলম্বে নির্ধারিত ছকে ট্রান্সফরমার এর full ডাটা সংক্রান্ত যাবতীয় তথ্য অবিলম্বে ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) এর ই-মেইলে প্রেরণ করতে হবে। আইসিটি দপ্তর কর্তৃক সকল এনওসিএস দপ্তরকে ০১ সপ্তাহের মধ্যে বর্ণিত বিষয়ে প্রশিক্ষণ দিয়ে পরবর্তী সপ্তাহ থেকে পুরো উদ্যোমে ট্রান্সফরমার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ। |

**আলোচ্যসূচি-১৪: All Residential & Non Residential Building location with serial number & All Land সম্পর্কিত ডাটা-বেজ তৈরি সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় ম্যানেজার আইসিটি, ডি.এম কামরুল জানান যে, সিভিল দপ্তর কর্তৃক ম্যানুয়ালি যেই এক্সেল ফাইল maintain করা হয় তার উপর base করে ডাটা নিয়ে ইতোমধ্যে এ সংক্রান্ত সফটওয়্যারটি ডেভেলপ করা হয়েছে। এছাড়া সিভিল দপ্তর থেকে বর্ণিত বিষয়ে কিছু এন্ট্রি করে দেখার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড চাওয়া হয়েছে যেটার টেস্ট সার্ভারে role define করে আইসিটি দপ্তর থেকে অবিলম্বে সিভিল দপ্তরে প্রেরণ এর ব্যবস্থা করা হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্ক্স, ডিজিএম ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং) ও ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) এর সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে All Residential & Non Residential Building location with serial number & All Land related ডাটা-বেজ তৈরি সংক্রান্ত সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে। | জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সিভিল ওয়ার্ক্স)/ ডিজিএম, (এস্টেট এন্ড ট্রান্সপোর্ট)/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং/ ম্যানেজার ,আইসিটি (ডেভেলপমেন্ট)। |

**আলোচ্যসূচি-১৫- অডিট আপত্তির জবাব প্রদান সংক্রান্ত আলোচনা:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, অডিট জানান যে, নতুন করে ৫৪ টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। তন্মোধ্যে ৩৮ টি অগ্রিম ও ১৬ টি সাধারণ আপত্তি। ৩৮ টি আপত্তির জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সাধারণের মধ্যে ১২ টির জবাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। বাকী আছে ০৪ টি যেটার জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট এনওসিএস দপ্তরে চিঠি দেওয়া হয়েছে। এনওসিএস দপ্তর থেকে জবাব পেলে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য এজি অফিসে প্রেরণ করা হবে। | ক) রিপোর্টভূক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে রিপোর্টভূক্ত ২৩২ টি অডিট আপত্তির নিষ্পত্তিমূলক জবাব আগামী ১০ দিনের মধ্যে জিএম, অডিট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>খ) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে write-off এর ২৮ টি আপত্তির অবশিষ্ট বকেয়া আদায় পূর্বক নিষ্পত্তিমূলক জবাব অবিলম্বে জিএম, অডিট দপ্তরে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ ডিজিএম (গভ: এন্ড রেভেনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.০৬.০০১.২২.৪১

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯
১৩ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
২) সকল চিফ ইঞ্জিনিয়ার/সকল জেনারেল ম্যানেজার
৩) সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি।
৪) সকল নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার, ডিপিডিসি।
৫) সাব ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
৬) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

খন্দকার এ.এইচ.এম. জুলফিকার হায়দার
চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার)